গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১(এ.টি).১৮-১৭৪ তারিখঃ ১১ চৈত্র ১৪২৫ / ২৫ মার্চ ২০১৯

বিষয়ঃ প্রশা: ট্রাই: বাস্ত: মামলা নং-০৮/২০১৮ {এ.টি নং- ৬৩/২০১৫ (নতুন), ১৭২/২০১৩ (পুরাতন) হতে উদ্ভুত} এর বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: (১) বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩ ঢাকা হতে প্রাপ্ত প্রশা: ট্রাই: বাস্ত: মামলা নং-০৮/২০১৮ (এ.টি নং-৬৩/২০১৫ হতে উদ্ভুত) এর ০৬/৩/১৯ তারিখের আদেশ।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১(এ.টি).১৮-৫২৮, তারিখ: ২৩/১২/১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ গ্রাফিক আর্টস ইনস্টিটিউটের অধ্যক্ষের সাথে অসদাচরণের কারণে উক্ত প্রতিষ্ঠানের "কম্পিউটার অপারেটর" পদ হতে জনাব মো: ওমর ফারুক-কে ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে ড্রাফটসম্যান পদে (নিজ বেতনে) বদলি করা হয়। পরবর্তীতে অসদাচরণ এর অভিযোগে কাশিঅ'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০২১.১৩/৪৭৯(৭), তারিখঃ ২৭/০৮/২০১৩ ইং মোতাবেক সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর ২(ই) ধারা মোতাবেক শাস্তি হিসেবে তার আহরিত মূলবেতন ১৩,৯৪০/- টাকার স্থলে ১১,০০০/- টাকায় অবনমিত করা হয় এবং কারিগরি শিক্ষা অধিপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০১৪.১৩-২২৭, তারিখঃ ৩০/০৪/২০১৪ ইং মোতাবেক চাকরি থেকে বাধ্যতামূলক অবসর আদেশ দেয়া হয়। উক্ত স্মারকদ্বয়ের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে জনাব মো: ওমর ফারুক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় এ.টি নং- ৬৩/২০১৫ (নতুন), ১৭২/২০১৩ (পুরাতন) মামলা দায়ের করেন।

২। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক এ.টি নং- ৬৩/২০১৫ (নতুন), ১৭২/২০১৩ (পুরাতন) মামলার ৩০/০৪/২০১৭ তারিখে নিম্মোক্ত রায়/আদেশ প্রদান করা হয়:

"অত্র প্রশাসনিক ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলাটি দোতরফা শুনানীঅন্তে মঞ্জুর (allowed) করা হইল। ৩নং প্রতিপক্ষ কর্তৃক স্মারক নং৩৭.০৩.০০০০.০১২.০৪.০২১.১৩/৪৭৯(৭), তারিখঃ ২৭/০৮/২০১৩ মোতাবেক প্রার্থীর মূল বেতন ১৩,৯৪০/- টাকা এর স্থলে শাস্তি হিসাবে মূল বেতন ১১,০০০/- টাকা অবনমিত করার দন্ডাদেশ রদ ও রহিত করা হইল। প্রার্থীকে বিগত ২৭/০৮/২০১৩ ইং তারিখ হইতে তাহার পূর্ববর্তী মূল বেতন ১৩,৯৪০/- টাকা বহাল রাখিয়া তর্কিত আদেশ হইতে তাহার সকল বকেয়া বেতন-ভাতাদি ও চাকুরীর যাবতীয় আর্থিক সুবিধাদি প্রদান করার জন্য প্রতিপক্ষগণকে নির্দেশ প্রদান করা হইল''।

৩। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত এ.টি নং- ৬৩/২০১৫ (নতুন), ১৭২/২০১৩ (পুরাতন)মামলার ৩০/০৪/২০১৭ তারিখের রায়ের বিরুদ্ধে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে আপিল নং-১২২/২০১৮ মামলা দায়ের করা হয়। বিজ্ঞ প্রশাসনিক আপিল আদালত আপিল নং-১২২/২০১৮ মামলাটির বিষয়ে ০২/০৭/২০১৮ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয় :

"আপীলটি নির্ধারিত ৩ মাসের সময় সীমা অতিক্রান্ত হবার ০৯ (নয়) মাস ২৪ দিন পরে দায়ের করা হয়েছে। আপীলটি আপীলাধীন রায় ও আদেশ প্রদানের ৬ (ছয়) মাসের মধ্যে দায়ের না করায় সরাসরি নামঞ্জুর হল"।

৪। উক্ত এ.টি/এ.এ.টি মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তথা দাখিলকৃত আবেদন অনুযায়ী প্রতিকার না পাওয়ায় বাদী (জনাব মো: ওমর ফারুক) কর্তৃক প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩, ঢাকায় প্রশা: ট্রাই: বাস্ত: মামলা নং-০৮/২০১৮ দায়ের করা হয়।

৫। উক্ত বাস্তবায়ন মামলার নথি উপস্থাপন পূর্বক এ.টি নং- ৬৩/২০১৫ (নতুন), ১৭২/২০১৩ (পুরাতন)মামলার ৩০/০৪/২০১৭ তারিখের রায়ে সরকার পক্ষ হেরে যাওয়ার কারণ কি তা সনাক্তকরণের নিমিত্ত কতিপয় তথ্য জানতে চেয়ে মহাপরিচলক, কাশিঅ-কে সূত্রোক্ত (২) নং স্মারকে (৩১.১২.১৮ খ্রি: এর মধ্যে জবাব প্রেরণের অনুরোধক্রমে) পত্র প্রেরণ করা হয়েছিল, কিন্তু নির্ধারিত সময়ের পর প্রায় ০৩ মাস অতিক্রান্ত হওয়া সত্বেও উক্ত পত্রে চাহিত তথ্য আজোবধি পাওয়া যায়নি।

৬। আলোচ্য বাস্তবায়ন মামলা নং-০৮/২০১৮ এর নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এবং সরকার পক্ষ বারবার মামলায় হেরে যাওয়ার কারণ দূর করার নিমিত্ত অধিকন্তু পরবর্তী মামলাসমুহ সঠিকভাবে পরিচালনার স্বার্থে ডিজি,ডিটিই বরাবর গত ২৩.১২.১৮ খ্রি: তারিখে প্রেরিত পত্রে চাহিত তথ্য প্রয়োজন।

৭।　এমতাবস্থায়, নিম্মোক্ত ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ০৪/০৪/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো-

(ক) এ.টি নং- ৬৩/২০১৫ (নতুন), ১৭২/২০১৩ (পুরাতন)মামলার ৩০/০৪/২০১৭ তারিখের রায় সংক্রান্তে এ বিভাগের ২৩/১২/২০১৮ তারিখের ৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০০১(এ.টি).১৮-৫২৮ সংখ্যক স্মারকমূলে চাহিত তথ্যাদি টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করা

(খ) প্রশা: ট্রাই: বাস্ত: মামলা নং-০৮/২০১৮ {এ.টি নং- ৬৩/২০১৫ (নতুন), ১৭২/২০১৩ (পুরাতন) হতে উদ্ভুত-এর আদেশ নং-০৪, তারিখ: ০৬.০৩.২০১৯খ্রি: (কপি সংযুক্ত) বিষয়ে কি কি আইনানুগ পদক্ষেপ গ্রহণ যেতে পারে এ বিষয়ে মতামত প্রদান।

(গ) প্রশাসনিক আপীল আদালতের রায়ে হেরে যাবার পরে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে আপীল করার বিধান রয়েছে কী? যদি থাকে তা করা হয়েছে কীনা এবং না করা হয়ে থাকলে কারণ কী এবং কবে নাগাদ আপিল দায়ের হবে?

(ঘ) প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩ আদালতে বিষয়টি (প্রশা: ট্রাই: বাস্ত: নং-০৮/২০১৮ মামালায়) যথাযথভাবে প্রতিদ্বিন্দ্বিতা করা।

সংযুক্তি: সূত্রের বর্ণনামতে-০২ ফর্দ।

২৭/০৩/১৯

(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।